

সমকাল

গাইবান্ধায় ভুল প্রশ্নে আলিম পরীক্ষা, কেন্দ্র সচিব বহিষ্কার

প্রকাশ: ২৯ আগস্ট ২৩ | ০৩:৫৯ | আপডেট: ২৯ আগস্ট ২৩ | ০৩:৫৯

গাইবান্ধা প্রতিনিধি



ছবি: সমকাল

গাইবান্ধার সুন্দরগঞ্জে ভুল প্রশ্নপত্রে আলিম পরীক্ষা নেওয়ায় কেন্দ্র সচিব ওয়াই এম আব্দুল্লাহকে বহিষ্কার করা হয়েছে। সোমবার দুপুরে পরীক্ষা পরিচালনা কমিটি ও পরীক্ষা নিয়ন্ত্রকের সিদ্ধান্ত মোতাবেক দায়িত্ব অবহেলার দায়ে তাকে বহিষ্কার করা হয়। এ তথ্য নিশ্চিত করেছেন সুন্দরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ নূর এ আলম।

এর আগে রোববার উপজেলার ধুমাইটারী সিদ্দিকীয়া ফাজিল (ডিগ্রি) মাদরাসা কেন্দ্রে এ ঘটনা ঘটে। বহিষ্কৃত কেন্দ্র সচিব ওয়াই এম আব্দুল্লাহ ওই মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ।

পরীক্ষার্থী-অভিভাবক ও সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, রোববার ধুমাইটারী সিদ্দিকীয়া ফাজিল (ডিগ্রি) মাদরাসা কেন্দ্রে ইংরেজি প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ২৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে ২২৬ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। পরীক্ষা চলে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত। এ সময় অনিয়মিত শিক্ষার্থীদের প্রশ্নপত্রে নিয়মিত শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়া হয়। ভুল প্রশ্নপত্রে পরীক্ষা দেওয়ার পরেই শিক্ষার্থীরা তাদের ফলাফল নিয়ে চরম দুশ্চিন্তায় পড়েন।

মো. আব্দুল আজিজ নামে এক পরীক্ষার্থী বলেন, ‘আমরা পরীক্ষার্থীরা বিষয়টি খেয়াল করতে পারিনি, করিনি। কিন্তু যারা পরীক্ষার দায়িত্বে ছিলেন, তারা তো ভুল প্রশ্নপত্রে আমাদের পরীক্ষা নিয়েছেন। ফলাফল আসবে কি না— এ নিয়ে সন্দেহ রয়েছে।’

পরীক্ষা কেন্দ্রে নিয়োজিত ট্যাগ অফিসার ও সুন্দরগঞ্জ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মো. জাফর আহমেদ লস্কর বলেন, ‘বিষয়টি পরীক্ষা চলাকালে কেউ আমাকে জানায়নি। যদি ভুল প্রশ্নপত্রে পরীক্ষা নিয়ে থাকে এর সম্পূর্ণ দায়-দায়িত্ব কেন্দ্র সচিবের, এ দায় আমার নয়।’

সুন্দরগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল মমিন মণ্ডল বলেন, ‘ভুল প্রশ্নপত্রে পরীক্ষায় নেওয়া ঠিক হয়নি, বিষয়টি উদ্বেগজনক। যদি বোর্ড চায়, তাহলে এই প্রশ্নপত্রের আলোকে খাতা দেখার নির্দেশ দিতে পারে, তবেই পরীক্ষার্থীদের ফলাফল আসবে।’

এ বিষয়ে কেন্দ্র সচিব আব্দুল্লাহর সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তার এক সহকর্মী দিয়ে ফোন রিসিভ করেন এবং কেন্দ্র সচিবকে চাইলে তিনি কথা বলতে রাজি নন বলে জানান।

ইউএনও মোহাম্মদ-নূর-এ আলম সোমবার সমকালকে বলেন, ‘পরীক্ষা পরিচালনা কমিটির সিদ্ধান্ত এবং পরীক্ষা নিয়ন্ত্রকের পরামর্শে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অর্থাৎ কেন্দ্র সচিবকে এরই মধ্যে বহিষ্কার করা হয়েছে। তার লিখিত বক্তব্য নিয়ে বোর্ডে পাঠানো হয়েছে। এর প্রেক্ষিতে আনুষ্ঠানিক যদি কোনো ব্যবস্থা বোর্ড নিতে চায়, তাহলে সেটি বোর্ড নেবে। নতুন কেন্দ্র সচিবকে দায়িত্ব দেওয়া হচ্ছে। আগামীকাল থেকে তিনি এ দায়িত্বপালন করবেন।’

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com